গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
প্রবাসী কল্যাণ ভবন
৭১-৭২ পুরাতন এলিফ্যান্ট রোড, ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা
সংসদ ও সমন্বয় শাখা
www.probashi.gov.bd

তারিখঃ ০১-১০-২০১৯খ্রিঃ।

নং-৪৯.০০.০০০০.০১৬.০৬.০৩.১৮-১৭৬

**বিষয়ঃ আগস্ট, ২০১৯ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী প্রেরণ।**

প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের আগস্ট, ২০১৯ মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী এতদ্‌সংগে প্রেরণ করা হলো। বিগত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন সংক্রান্ত প্রতিবেদন **আগামী ১৩ অক্টোবর, ২০১৯ তারিখ বেলা ১২.০০ ঘটিকার মধ্যে আবশ্যিকভাবে** (নিকস ফন্টে ই-মেইলে সফট কপিসহ) সংসদ ও সমন্বয় শাখায় প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ বর্ণণামতে।

০১/১০/১৯

(নাইমা আফরোজ ইমা)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ-৪১০৩০২৪৯
dsparliament@probashi.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ

০১। মহাপরিচালক, জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো, ৮৯/২, কাকরাইল, ঢাকা।
০২। মহাপরিচালক, ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, প্রবাসী কল্যাণ ভবন, ঢাকা।
০৩। ব্যবস্থাপনা পরিচালক, বোয়েসেল, প্রবাসী কল্যাণ ভবন, ঢাকা।
০৪। অতিরিক্ত সচিব (সকল), প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।
০৫। ব্যবস্থাপনা পরিচালক, প্রবাসী কল্যাণ ব্যাংক, প্রবাসী কল্যাণ ভবন, ঢাকা।
০৬। যুগ্মসচিব (সকল), প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।
০৭। মাননীয় মন্ত্রী/সচিব এর একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।
০৮। উপসচিব (সকল)/উপপ্রধান, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।
০৯। সিনিয়র সহকারী সচিব/সিনিয়র সহকারী প্রধান/সহকারী সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।
১০। হিসাবরক্ষণ কর্মকর্তা, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।
১১। জনসংযোগ কর্মকর্তা, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।
১২। সহকারী প্রোগ্রামার, আইসিটি সেল, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা (কার্যবিবরণীটি ওয়েবসাইটে আপলোড করার অনুরোধসহ)।
১৩। অফিস নথি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
৭১-৭২ পুরাতন এলিফ্যান্ট রোড, ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা
সংসদ ও সমন্বয় শাখা

## আগস্ট, ২০১৯ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | রৌনক জাহান<br>সচিব<br>প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় |
| সভার তারিখ ও সময় | : | ২৩ সেপ্টেম্বর ২০১৯, বিকাল ৩:০০ ঘটিকা |
| সভার স্থান | : | মন্ত্রণালয়ের সভা কক্ষ |
| সভার উপস্থিতি | : | পরিশিষ্ট ক দ্রষ্টব্য |

সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভা শুরু করেন। সভায় জুলাই ২০১৯ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী পাঠ করা হয়। কোনো সংশোধনী না থাকায় জুলাই, ২০১৯ মাসের কার্যবিবরণীটি দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর কার্যপত্র অনুযায়ী বিস্তারিত আলোচনার শেষে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

| আলোচ্য বিষয় | গত সভার সিদ্ধান্ত | আলোচনা ও সিদ্ধান্ত/বাস্তবায়ন অগ্রগতি | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ১) মন্ত্রিসভা বৈঠকের সিদ্ধান্ত বাস্তবায়ন | মন্ত্রিসভা বৈঠকের সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনার জন্য মন্ত্রণালয়ের সমন্বয় সভায় আলোচ্যসূচিভূক্ত করতে হবে। | মন্ত্রিপরিষদ বিভাগের অনুরোধের প্রেক্ষিতে এ মন্ত্রণালয়ের ০২-০৯-২০১৯ তারিখের ১২২৮ নং পত্রে মাসিক সমন্বয় সভায় মন্ত্রিসভা বৈঠকের সিদ্ধান্ত আলোচ্যসূচিভূক্ত করার নির্দেশনা প্রদান করা হয়। তদানুযায়ী এ পর্যন্ত মন্ত্রিসভা বৈঠকের (২য় ত্রৈমাসিক) গৃহীত সিদ্ধান্তের মধ্যে এ মন্ত্রণালয়-সংশ্লিষ্ট সিদ্ধান্ত বাস্তবায়ন করা হয়েছে মর্মে আলোচনা করা হয়। | আগামীতে মন্ত্রিসভা বৈঠকে যেসব সিদ্ধান্ত গৃহীত হবে সেসব সিদ্ধান্তের সাথে এ মন্ত্রণালয়ের সংশ্লিষ্টতা থেকে থাকলে সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতির হালনাগাদ তথ্য সংশ্লিষ্ট অনুবিভাগ সংসদ ও সমন্বয় শাখায় প্রেরণ করবে। | সকল অনুবিভাগ (মন্ত্রণালয়) |
| ২) মন্ত্রণালয়ের ওয়েবসাইট হালনাগাদকরণ | ওয়েবসাইট হালনাগাদকরণ বিষয়টি সমন্বয় সভার এজেন্ডাভুক্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ওয়েবসাইট হালনাগাদকরণ সংক্রান্ত সভার সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনা করা হয়। সিটিজেন্স চার্টার ও স্ব-প্রণোদিত তথ্য প্রদান নির্দেশিকার হালনাগাদ করণের কাজ চলমান আছে। সিদ্ধান্ত মতে অধিকাংশ তথ্য হালনাগাদ করা হয়েছে। | ক) সিটেজেন্স চার্টার নিয়মিত হালনাগাদ করতে হবে।<br><br>খ) স্ব প্রণোদিত তথ্য প্রদান নির্দেশিকার কাজ আগামী ১৭ নভেম্বর ২০১৯ এর মধ্যে সম্পন্ন করে ওয়েবসাইটে প্রকাশ করতে হবে। | ফোকাল পয়েন্ট সিটেজেন্স চার্টার /আইসিটি /আরটিআই |

| আলোচ্য বিষয় | গত সভার সিদ্ধান্ত | আলোচনা ও সিদ্ধান্ত/বাস্তবায়ন অগ্রগতি | গৃহীত সিদ্ধান্ত | বাস্ত… কর্তৃ… |
|---|---|---|---|---|
| ৩) ই নথি কার্যক্রম | **ই-নথি কার্যক্রমে সর্বাধিক পয়েন্ট পেতে পত্র জারীর উপর জোর দিতে হবে।** প্রতি সমন্বয় সভার পূর্বে প্রত্যেক শাখার ড্যাশবোর্ডের হালনাগাদ কপি সংসদ ও সমন্বয় শাখায় প্রেরণ নিশ্চিত করতে হবে। | ই-নথি কার্যক্রমের ভিত্তিতে মন্ত্রণালয়ের বর্তমান অবস্থান সন্তোষজনক নয়। অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ) জানান, গত মাসে ১৬টি শাখা ই-নথি কার্যক্রমে কোনো নম্বর পায়নি। এ অবস্থানের পিছনে কারণসমূহ ও করণীয় সম্পর্কে আলোচনা করা হয়। ই-নথি কার্যক্রমে দ ' ধরণের বিষয়ে নম্বর পাওয়া যায়। যথা ক) ই-নথিতে যেকোনো নোট নিষ্পন্নকরণ ও খ) ই-নথিতে পত্রজারি। কেন্দ্রীয়ভাবে কোনো ডাক না পাওয়া গেলেও যদি সরাসরি প্রাপ্ত হার্ডকপির ভিত্তিতে ই-নথিতে নোট নিষ্পন্ন করা হয়, তবুও নম্বর পাওয়া যাবে। কেন্দ্রীয়ভাবে অনলাইনে প্রাপ্ত ডাক ই-নথিতে নিষ্পন্ন করা হলেও সমপরিমাণ নম্বর পাওয়া যাবে। তবে উভয় ক্ষেত্রে খসড়া পত্রসহ নোট ই-নথিতে দিতে হবে। সুতরাং দুটোই গুরুত্বপূর্ণ।<br><br>উল্লেখ্য, যেসব পত্র কেন্দ্রীয়ভাবে ই-নথিতে পাওয়া যাবে সেসব পত্র নথিজাতযোগ্য হলেও যদি শাখা কর্মকর্তা 'নথিজাত করা যেতে পারে' লিখে উপস্থাপণপূর্বক একধাপ উপরের কর্মকর্তার অনুমোদন নিয়ে নিষ্পত্তি করেন, তবুও নম্বর পাওয়া যাবে। | ক) ই-নথিতে সর্বোচ্চ নম্বর পেতে প্রত্যেক শাখা প্রতিমাসে নোট নিষ্পন্নসহ কমপক্ষে ২০ টি পত্র জারি করবে।<br><br>খ) ই-নথি কার্যক্রম আরো গতিশীল করতে মন্ত্রণালয়ের ইন্টারনেটের ব্যান্ডউইথ বাড়ানোসহ সমভাবে বণ্টন করতে হবে।<br><br>গ) প্রতি সমন্বয় সভার পূর্বে মন্ত্রণালয়ের ই-নথি কার্যক্রমের ড্যাশবোর্ডের কপি সংসদ ও সমন্বয় শাখায় প্রেরণ নিশ্চিত করতে হবে। | ক) সক… শাখা কর্মক…<br><br>খ) সহকারী প্রোগ্রামার<br><br>গ) ফোকাল পয়েন্ট কর্মকর্তা/ সহকারী প্রোগ্রামার |
| ৪) সুশাসন ও দুর্নীতি প্রতিরোধ সংক্রান্ত কার্যক্রম | নতুন আলোচ্যসূচিভুক্ত করা হয়েছে। | জাতীয় শুদ্ধাচার কৌশল-এর আওতাধীন করণীয় নির্ধারণের জন্য অংশীজনের অংশগ্রহণের একটি কর্মশালা এবং দুর্নীতি প্রতিরোধ সংক্রান্ত কর্মশালা আয়োজন করা যেতে পারে মর্মে আলোচনা হয়। | ক) জাতীয় শুদ্ধাচার কৌশলের সিদ্ধান্ত মোতাবেক সুশাসন প্রতিষ্ঠার লক্ষ্যে অংশীজনের অংশগ্রহণে একটি কর্মশালা এবং দুর্নীতি প্রতিরোধ সংক্রান্ত কর্মশালা আগামী নভেম্বর, ২০১৯ মাসে প্রশিক্ষণ অধিশাখা হতে আয়োজন করতে হবে। | প্রশিক্ষণ অধিশাখা ও ফোকাল পয়েন্ট (এনআইএস) |
| ৫) শাখা পরিদর্শন | সচিবালয় নির্দেশমালা ২০১৪ এ বর্ণিত চেকলিস্ট অনুসরণপূর্বক শাখা পরিদর্শন প্রতিবেদন প্রেরণ করতে হবে। সচিব মহোদয়ের কপি প্রাপ্তি নিশ্চিত করতে হবে। | সেপ্টেম্বর, ২০১৯ মাসে সহকারী সচিব (বাজেট) উপসচিব (কর্মসংস্থান-৩) ও উপসচিব (কর্মসংস্থান-৪) শাখা পরিদর্শন করতে পারেন। | ক) সেপ্টেম্বর, ২০১৯ মাসে সহকারী সচিব (বাজেট) উপসচিব (কর্মসংস্থান-৩) ও উপসচিব (কর্মসংস্থান-৪) শাখা পরিদর্শনপূর্বক প্রতিবেদন সংসদ ও সমন্বয় শাখায় প্রেরণ | সকল কর্মকর্তা (মন্ত্রণালয়) ও প্রশাসন শাখা |

| ...োচ্য বিষয় | গত সভার সিদ্ধান্ত | আলোচনা ও সিদ্ধান্ত/বাস্তবায়ন অগ্রগতি | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| | | | করবেন।<br><br>খ) পরিদর্শন প্রতিবেদনে আন্তঃশাখা সংক্রান্ত কোন ইস্যু থেকে থাকলে তা প্রশাসন শাখা হতে ব্যবস্থা নিতে হবে।<br><br>গ) পরিদর্শন প্রতিবেদন সংসদ ও সমন্বয় শাখা এবং বাজেট শাখায় প্রেরণ করতে হবে। | |
| ৬) অডিট আপত্তি | ৫. অডিট আপত্তি নিষ্পত্তির হার বৃদ্ধি করতে তাগিদ পত্র প্রেরণ;<br>ত্রিপক্ষীয় সভাসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | • গত ২১-০৪-২০১৯ তারিখে দূতাবাস অডিট অধিদপ্তরে প্রেরিত ২০১৮ সালের অডিট রিপোর্টের ২৫টি আপত্তির জবাবের প্রেক্ষিতে গত ০২-০৯-২০১৯ তারিখে স্বাক্ষরিত পত্রমূলে ৮টি আপত্তি নিষ্পত্তি করা হয়েছে।<br>• বর্তমানে অনিষ্পন্ন ২২টি (২০১৮ সালের অবশিষ্ট ১৭টি + ২০১৫ সালের অনিষ্পন্ন ০৫টি) আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে ত্রিপক্ষীয় সভা অনুষ্ঠানের উদ্যোগ নেয়া হয়েছে।<br>দক্ষতা উন্নয়ন তহবিলের ১০টি আপত্তির মধ্যে ৪টি নিষ্পন্ন এবং বাকী ৬টি নিষ্পত্তির কার্যক্রম প্রক্রিয়াধীন আছে।<br>**বিএমইটি:**<br>অডিট আপত্তি নিষ্পত্তির হার ৬৮.০৮%<br>**ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড:** অনিষ্পন্ন ১১টি অডিট আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে দূতাবাস অডিট অধিদপ্তরের নির্দেশনা মোতাবেক ব্রডশীট জবাব প্রস্তুতির কার্যক্রম চলমান রয়েছে।<br>**বোয়েসেলঃ** অনিষ্পন্ন ৮টি অডিট আপত্তি নিষ্পত্তির লক্ষে দ্বিপাক্ষিক সভা আয়োজনের নিমিত্ত দূতাবাস অডিট অধিদপ্তরে পত্র প্রেরণ করা হয়েছে। | অডিট আপত্তি নিষ্পত্তির হার বৃদ্ধি করতে তাগিদ পত্র প্রেরণ;<br>ত্রিপক্ষীয় সভাসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। প্রযোজ্য ক্ষেত্রে PDR (সরকারি পাওনা আদায়) অ্যাক্ট অনুযায়ি ব্যবস্থা গ্রহণ করতে হবে। | বাজেট ও অডিট অধিশাখা<br><br>ও<br><br>দপ্তর/সংস্থা (সকল) |
| ৭) **মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা বাস্তবায়ন মনিটরিং** | ক) এ মন্ত্রণালয়ের প্রশাসন শাখা সফরকারী কর্মকর্তাদের অনুকূলে অনতিবিলম্বে জিও জারি করবে।<br><br>খ) মধ্যপ্রাচ্যের দেশসমূহে স্কুল প্রতিষ্ঠার | প্রবাসী কর্মীর সন্তানদের জন্য বিদেশে স্কুল প্রতিষ্ঠার বিষয়ে সৌদি আরবের বিভিন্ন স্থানে ০৪ টি এবং বাহরাইনে ০১টি স্কুল প্রতিষ্ঠা করার জন্য 'Feasibility study' করতে এ মন্ত্রণালয়, শিক্ষা মন্ত্রণালয় ও পররাষ্ট্র মন্ত্রণালয়ের প্রতিনিধিদের সমন্বয়ে গঠিত ০৪ সদস্য বিশিষ্ট দলটি সৌদি আরব ও বাহরাইন | মধ্যপ্রাচ্যের দেশসমূহে স্কুল প্রতিষ্ঠার জন্য সম্পাদিত 'Feasibility study' প্রতিবেদনের অনুলিপি সংসদ ও সমন্বয় শাখায় প্রেরণ | পরিকল্পনা ও উন্নয়ন অধিশাখা, ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড এবং প্রশাসন শাখা |

| আলোচ্য বিষয় | গত সভার সিদ্ধান্ত | আলোচনা ও সিদ্ধান্ত/বাস্তবায়ন অগ্রগতি | গৃহীত সিদ্ধান্ত | বাস্ত কর্তৃ |
|---|---|---|---|---|
| | বিষয়ে গৃহীত কার্যক্রমের সর্বশেষ অগ্রগতি সংসদ ও সমন্বয় শাখায় নিয়মিত প্রেরণ নিশ্চিত করতে হবে। | সফর করেছেন। | নিশ্চিত করতে হবে। | |
| ৮) ৭ম পঞ্চবার্ষিকী পরিকল্পনা | ১) প্রবাসী কর্মী বীমা নীতিমালা ও বীমা পরিকল্প সংক্রান্ত হালনাগাদ প্রতিবেদন সংসদ ও সমন্বয় শাখায় প্রেরণ নিশ্চিত করতে হবে। | ১) বিদেশগামী প্রবাসী বাংলাদেশী কর্মীদের বাধ্যতামূলক বীমা সুবিধার আওতায় আনয়নের জন্য "প্রবাসী কর্মী বীমা নীতিমালা" ও বীমা পরিকল্প এর খসড়া চূড়ান্ত অনুমোদনের অপেক্ষায় আছে। | ১) প্রবাসী কর্মী বীমা নীতিমালা ও বীমা পরিকল্প সংক্রান্ত হালনাগাদ প্রতিবেদন সংসদ ও সমন্বয় শাখায় প্রেরণ নিশ্চিত করতে হবে। | ১) ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড ও অভিবাসী কল্যাণ অনুবিভাগ |
| | ২.ক) নিরাপদ অভিবাসন বিষয়ক কার্যক্রম ও প্রচারণায় ইউনিয়ন ডিজিটাল সেন্টার গুলোকে সম্পৃক্ত রাখতে হবে। সকল টিটিসি এর সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসারদের নিয়ে সকলের উপস্থিতিতে এ বিষয়ে সভা করবেন। এ সংক্রান্ত হালনাগাদ প্রতিবেদন সংসদ ও সমন্বয় শাখায় প্রেরণ নিশ্চিত করতে হবে। | **২.ক) নিরাপদ অভিবাসনঃ**<br>নিরাপদ অভিবাসন সংক্রান্ত কার্যক্রম ও প্রচারনায় ইউনিয়ন ডিজিটাল সেন্টার গুলোকে সম্পৃক্ত রাখতে বিএমইটির আওতাধীন জেলা পর্যায়ের দপ্তরসমূহকে নিরাপদ অভিবাসন সংক্রান্ত টুলস (বুকলেট, ব্রসিয়ার, পোষ্টার, টিভিসি ইত্যাদি) সমূহের কপি UDC তে প্রদানের নির্দেশনা প্রদান করা হয়েছে। প্রচারণা টুলস ইতিমধ্যে UDC তে প্রেরণ শুরু হয়েছে।<br>নিরাপদ অভিবাসন সংক্রান্ত কার্যক্রমে উপজেলা নির্বাহী অফিসারদের নিয়ে সকলের উপস্থিতিতে সভা করার জন্য টিটিসিসমূহকে নির্দের্শনা প্রদান করা হয়েছে এবং উপজেলা নির্বাহী অফিসারগণকে সম্পৃক্ত করে সভা আয়োজন করা হচ্ছে। | ২.ক) নিরাপদ অভিবাসন বিষয়ক কার্যক্রম ও প্রচারণায় ইউনিয়ন ডিজিটাল সেন্টার গুলোকে সম্পৃক্ত রাখতে হবে। সকল টিটিসি এর সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসারদের নিয়ে সকলের উপস্থিতিতে এ বিষয়ে সভা করবেন। এ সংক্রান্ত হালনাগাদ প্রতিবেদন সংসদ ও সমন্বয় শাখায় প্রেরণ নিশ্চিত করতে হবে। | **২.ক) যুগ্মসচিব (প্রশিক্ষণ অধিশাখা) ও বিএমইটি** |
| | ২.খ) জেলা সেমিনার সংক্রান্ত হালনাগাদ প্রতিবেদন সংসদ ও সমন্বয় শাখায় প্রেরণ নিশ্চিত করতে হবে। | **২.খ) দক্ষতা অর্জনই নিরাপদ অভিবাসনের একমাত্র উপায়-** এ প্রতিপাদ্যকে সামনে রেখে জেলা ও উপজেলা প্রশাসনের সার্বিক সহোযোগিতায় এ মন্ত্রণালয়ের উদ্যোগে আয়োজিত দেশব্যাপী জেলা সেমিনারের হালনাগাদ তথ্য সংশ্লিষ্ট কর্মকর্তা সভায় উপস্থাপন করেছেন। পরবর্তীতে এটি বিভাগ ও উপজেলা পর্যায়েও হবে এবং এর বাজেট বরাদ্দ দেয়া হয়েছে মর্মে তিনি জানান। | ২.খ) জেলা সেমিনার সংক্রান্ত হালনাগাদ প্রতিবেদন সংসদ ও সমন্বয় শাখায় প্রেরণ নিশ্চিত করতে হবে। | **২.খ) যুগ্মসচিব (প্রশিক্ষণ) ও সকল দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা** |

| লোচ্য বিষয় | গত সভার সিদ্ধান্ত | আলোচনা ও সিদ্ধান্ত/বাস্তবায়ন অগ্রগতি | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| | ৩) পরবর্তী উন্নয়ন মেলার অনুষ্ঠানের পূর্বেই এ সংবর্ধনা প্রদান অনুষ্ঠান আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয়। | ৩) সেপ্টেম্বর/২০১৯ এর মধ্যে উন্নয়ন মেলায় পুরস্কারপ্রাপ্ত প্রতিষ্ঠানসমূহের প্রধানগণকে সংবর্ধনা প্রদান অনুষ্ঠান আয়োজন এর পরিকল্পনা রয়েছে। | ৩) পরবর্তী উন্নয়ন মেলার অনুষ্ঠানের পূর্বেই এ সংবর্ধনা প্রদান অনুষ্ঠান আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয়। | ৩) বিএমইটি |
| ৯) কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র এবং জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিস পরিদর্শন | গুরুত্ব-বিবেচনায় নতুন আলোচ্যসূচিভুক্ত করা হয়েছে। | বিভাগ, জেলা ও উপজেলা পর্যায়ে মন্ত্রণালয়ের উদ্যোগে পরিচালিত সেমিনারে অংশগ্রহণকারী কর্মকর্তাগণ একই সাথে উক্ত এলাকার টিটিসি /ডিইএমও/নির্মাণাধীন টিটিসি পরিদর্শন করা প্রয়োজন মর্মে আলোচনা হয়। বিভিন্ন টিটিসির ছাত্রাবাসগুলি যেন অব্যবহৃত না থাকে সে বিষয়ে দিকনির্দেশনা প্রদান করা যেতে পারে মর্মে আলোচনা হয়। | ক) মন্ত্রণালয়ের কর্মকর্তাদের উন্নয়ন প্রকল্প পরিদর্শনের জন্য কর্মপরিকল্পনা প্রণয়ন করতে হবে।<br>খ) মন্ত্রণালয়ের কর্মকর্তাদেরকে টিটিসি/ডিইএমও পরিদর্শনের জন্য কর্মপরিকল্পনা প্রণয়ন করতে হবে। | ক) যুগ্মসচিব, পরিকল্পনা<br>খ) যুগ্মসচিব, প্রশিক্ষণ |
| ১০) বার্ষিক কর্মসম্পাদন চুক্তি | ক) ২০১৯-২০ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি অনুযায়ী অনিষ্পন্ন অভিযোগ নিষ্পত্তি করতে হবে। | ক) ক) গত ১৩-০৭-২০১৯ তারিখে এ মন্ত্রণালয়ের সাথে মন্ত্রিপরিষদ বিভাগের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষর হয়েছে। অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা ও আপীল কর্মকর্তা মনোনয়ন দেয়া হয়েছে। | ক) ২০১৯-২০ বার্ষিক কর্মসম্পাদন চুক্তি অনুযায়ী অনিষ্পন্ন অভিযোগ নিষ্পত্তি করতে হবে। | ক) অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা (এনফোর্সমেন্ট ও মনিটরিং), কর্মসংস্থান অনুবিভাগ ও দপ্তর/সংস্থা (সকল) |
| | খ) বার্ষিক কর্মসম্পাদন চুক্তি অনুসারে এ মন্ত্রণালয়ের অবস্থান সংক্রান্ত প্রতিবেদন প্রতি সমন্বয় সভার পূর্বে সংসদ ও সমন্বয় শাখায় প্রেরণ নিশ্চিত করতে হবে। | খ) ২০১৮-১৯ অর্থবছরে বার্ষিক কর্মসম্পাদন চুক্তির বার্ষিক বাস্তবায়ন প্রতিবেদন গত ০৯.১১.১৯ তারিখে মন্ত্রিপরিষদ বিভাগে বিভাগে প্রেরণ করা হয়েছে। উক্ত প্রতিবেদন পর্যালোচনাপূর্বক মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক মন্ত্রণালয়ের অবস্থান এখনো জানানো হয়নি। | খ) বার্ষিক কর্মসম্পাদন চুক্তি অনুসারে এ মন্ত্রণালয়ের অবস্থান সংক্রান্ত প্রতিবেদন প্রতি সমন্বয় সভার পূর্বে সংসদ ও সমন্বয় শাখায় প্রেরণ নিশ্চিত করতে হবে। | খ) ফোকাল পয়েন্ট, বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) |
| | | গ) এ মন্ত্রণালয়ের বাজেট শাখা হতে সেপ্টেম্বর ২০১৯ মাসে বিনষ্টযোগ্য নথির তালিকা চাওয়া হয়েছে। সকল শাখা কর্তৃক বিনষ্টযোগ্য নথির তালিকা প্রস্তুত করা প্রয়োজন মর্মে আলোচনা করা হয়। | গ) বিনষ্টযোগ্য এবং বিনষ্টকৃত নথির তালিকা বাজেট শাখায় প্রেরণ করতে হবে। | গ) সকল শাখা কর্মকর্তা |
| | | ঘ) বার্ষিক কর্মসম্পাদন চুক্তির কার্যক্রমের অংশ হিসেবে মন্ত্রণালয়ের ইনোভেশন | ঘ) মন্ত্রণালয়ের | ঘ)যুগ্মসচিব (প্রশিক্ষণ)/ |

| আলোচ্য বিষয় | গত সভার সিদ্ধান্ত | আলোচনা ও সিদ্ধান্ত/বাস্তবায়ন অগ্রগতি | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| | | বিষয়ক লক্ষ্য বাস্তবায়নে কর্মশালা ও প্রশিক্ষণ আয়োজন করা প্রয়োজন মর্মে আলোচনা করা হয়। | ইনোভেশন বিষয়ক লক্ষ্য বাস্তবায়নে অক্টোবর, ১৯ এর মধ্যে কর্মশালা ও প্রশিক্ষণ আয়োজন করতে হবে। | ইনোভেশন ফোকাল পয়েন্ট কর্মকর্তা |
| ১১) মামলা সংক্রান্ত | মামলা নিষ্পত্তির বিষয়ে আরো সতর্ক ও তৎপর হতে হবে এবং মামলা নিষ্পত্তি সংক্রান্ত হালনাগাদ তথ্য সংসদ ও সমন্বয় শাখায় প্রেরণ করতে হবে। | মামলা অগ্রগতি ও মামলা নিষ্পত্তির বিষয়ে প্যানেল আইনজীবি ও দপ্তর/সংস্থার প্রতিনিধিদের নিয়ে মাসিক সভা করা হচ্ছে। মন্ত্রণালয় ও বিএমইটির অতি গুরুত্বপূর্ণ ১৩ (তের) টি মামলায় নতুন আইনজীবী ব্যারিস্টার রাজিউর রহমানকে মন্ত্রণালয়/সরকারপক্ষে প্রতিদ্বন্দ্বিতা করার জন্য দায়িত্ব প্রদান করা হয়েছে।<br>বিএমইটির মোট মামলার সংখ্যা-১৬৩। অনিষ্পন্ন **মামলার সংখ্যা**-১৬৩টি।<br>বোয়েসেলের মামলার সংখ্যা-২টি।<br>**কল্যাণ বোর্ড:** রীট মামলা-৩টি। মামলাসমূহ পরিচালনার যথাযথ ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। | ৭) মামলা নিষ্পত্তির বিষয়ে আরো সতর্ক ও তৎপর হতে হবে এবং মামলা নিষ্পত্তি সংক্রান্ত হালনাগাদ তথ্য সংসদ ও সমন্বয় শাখায় প্রেরণ করতে হবে। | ৭. অতিরিক্ত সচিব (মনিটরিংও এনর্ফোসমেন্ট) / আইন শাখা (মন্ত্রণালয়) ও দপ্তর/সংস্থা (সকল) |
| ১২) ভিজিলেন্স টাস্কফোর্স সংক্রান্ত | ক) নিয়মিত ভিজিলেন্স টাস্কফোর্স অভিযান ও মোবাইল কোর্ট পরিচালনা করতে হবে। এ সংক্রান্ত হালনাগাদ প্রতিবেদন পরবর্তী সমন্বয় সভার পূর্বে সংসদ ও সমন্বয় শাখায় প্রেরণ নিশ্চিত করতে হবে।<br><br>.খ) গন্তব্য দেশ কর্তৃক অনুমোদিত মেডিকেল সেন্টারের তদারকির বিষয়ে মনিটরিং ও এনফোর্সমেন্ট শাখা যথাযথ ব্যবস্থা গ্রহণপূর্বক সংসদ ও সমন্বয় শাখাকে অবহিত করবেন। | ক.১) ভিজিলেন্স টাস্কফোর্স অভিযান ও মোবাইল কোর্ট পরিচালনা সংক্রান্ত হালনাগাদ তথ্য আলোচনা করা হয়। গত ১৮-০৭-২০১৯ তারিখে ভিজিলেন্স টাস্কফোর্স সংক্রান্ত সভা অনুষ্ঠিত হয় এবং ২৫-০৮-২০১৯ তারিখে মোবাইল কোর্ট পরিচালনা করা হয়। পরিচালনাকালে ০১/২০১৯ ও ০২/২০১৯ নং মামলায় দুইজন ব্যক্তিকে কারাদন্ড দেয়া হয়।<br><br>ক.২) অভিবাসন ব্যয় মনিটরিং এর জন্য বিমান বন্দরে কল্যাণ ডেস্কের মাধ্যমে কর্মীর সাথে রিক্রুটিং এজেন্টদের লেনদেনের পদ্ধতি পরিবীক্ষণ বিষয়ে আলোচনা করা হয়।<br><br>খ) বিদেশে কর্মী প্রেরণের জন্য মেডিকেল | ক.১) ভিজিলেন্স টাস্কফোর্স অভিযান সংক্রান্ত হালনাগাদ তথ্য সংসদ ও সমন্বয় শাখায় নিয়মিত প্রেরণ করতে হবে।<br><br>ক.২) অভিবাসন ব্যয় মনিটরিং এর জন্য বিমান বন্দরে কল্যাণ ডেস্কের মাধ্যমে কর্মীর সাথে রিক্রুটিং এজেন্টদের লেনদেনের পদ্ধতি সম্পর্কিত তথ্য সংগ্রহ করতে পরিবীক্ষণ ফরমেট প্রস্তুত করতে হবে।<br><br>খ) গন্তব্য দেশ কর্তৃক | ৮) অতিরিক্ত সচিব (প্রশাসন/ মনিটরিং ও এনফোর্সমেন্ট) বিএমইটি/ কল্যাণ বোর্ড |

| আলোচ্য বিষয় | গত সভার সিদ্ধান্ত | আলোচনা ও সিদ্ধান্ত/বাস্তবায়ন অগ্রগতি | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| | ৮.গ) গন্তব্য দেশ কর্তৃক অনুমোদিত মেডিকেল সেন্টারগুলোতে স্বাস্থ্য মন্ত্রণালয়ের বিশেষ তদারকির বিষয়ে নিবিড় যোগাযোগ রাখতে হবে। | সেন্টারের তালিকাভুক্তির কার্যক্রম চলমান রয়েছে।<br><br>গ) গন্তব্য দেশ কর্তৃক অনুমোদিত মেডিকেল সেন্টারগুলোতে স্বাস্থ্য মন্ত্রণালয়ের বিশেষ বিশেষ তদারকির বিষয়ে নিবিড় যোগাযোগ রাখা হচ্ছে। | অনুমোদিত মেডিকেল সেন্টারের তদারকির বিষয়ে মনিটরিং ও এনফোর্সমেন্ট শাখা যথাযথ ব্যবস্থা গ্রহণপূর্বক সংসদ ও সমন্বয় শাখাকে অবহিত করবেন।<br><br>গ) গন্তব্য দেশ কর্তৃক অনুমোদিত মেডিকেল সেন্টারগুলোতে স্বাস্থ্য মন্ত্রণালয়ের বিশেষ তদারকির বিষয়ে নিবিড় যোগাযোগ রাখতে হবে। | |
| ১৩) অনিষ্পন্ন বিষয় | • মন্ত্রণালয়ের আওতাধীন সকল দপ্তর/সংস্থা মন্ত্রণালয়ের নিকট অনিষ্পন্ন পত্রের তালিকা প্রেরণ করবেন।<br>• মন্ত্রণালয় কর্তৃক দপ্তর/সংস্থাগুলির নিকট অনিষ্পন্ন পত্রের তালিকা পরবর্তী সভার পূর্বে সংসদ ও সমন্বয় শাখায় সংশ্লিষ্ট উইং প্রেরণ নিশ্চিত করবে। | • প্রতিমাসে কেবল বিএমইটি হতে অনিষ্পন্ন পত্রের তালিকা এ মন্ত্রণালয়ের দপ্তর/সংস্থার প্রশাসন অধিশাখায় প্রেরণ করা হয়। এক্ষেত্রে লক্ষণীয়, মন্ত্রণালয়ের অন্যান্য অধিশাখা/অনুবিভাগকে আওতাধীন দপ্তর/সংস্থা হতে কোন অনিষ্পন্ন পত্রের তালিকা প্রেরণ করা হয়না।<br>• এছাড়া, মন্ত্রণালয়ের অধিশাখা/অনুবিভাগ কর্তৃক বিভিন্ন বিষয়ে আওতাধীন দপ্তর/সংস্থাকে তাগিদপত্র প্রেরণ করা হলেও পৃথকভাবে অনিষ্পন্ন পত্রের তালিকা প্রস্তুত করে দপ্তর/সংস্থাকে প্রেরণ করা হয়না। ফলে অনেক গুরুত্বপূর্ণ কার্যক্রম যথাসময়ে সম্পন্ন না হওয়ার কারণ এবং কোন পর্যায়ে রয়েছে সেটি চিহ্নিত করা সম্ভব হয়ে উঠেনা।<br><br>এক্ষেত্রে প্রতিটি অধিশাখা/অনুবিভাগ এবং মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থা প্রতি মাসে একে অপরকে অনিষ্পন্ন তালিকা প্রেরণ করার সিদ্ধান্ত গ্রহণ করা যেতে পারে। প্রতি অণুবিভাগ তার আওতাধীন অধিশাখা/শাখা হতে অনিষ্পন্ন বিষয়ে সচিবালয় নির্দেশমালা, ২০১৪ এর ১৮৩ নং নির্দেশ অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করবেন এবং ১৮৮ নং নির্দেশ প্রতিপালনপূর্বক নির্ধারিত ছকে প্রতিবেদন সমন্বয় সভার ৭-৩দিন পূর্বে সংসদ ও সমন্বয় শাখায় প্রেরণ নিশ্চিত করবেন। | ক) মন্ত্রণালয়ের আওতাধীন সকল দপ্তর/সংস্থা মন্ত্রণালয়ের নিকট অনিষ্পন্ন পত্রের তালিকা প্রেরণ করবেন।<br><br>খ) মন্ত্রণালয় কর্তৃক দপ্তর/সংস্থাগুলির নিকট অনিষ্পন্ন পত্রের তালিকা পরবর্তী সভার পূর্বে সংসদ ও সমন্বয় শাখায় সংশ্লিষ্ট উইং প্রেরণ নিশ্চিত করবে। | অনুবিভাগ প্রধানগণ (মন্ত্রণালয়) ও দপ্তর/সংস্থা (সকল) |

দপ্তর/সংস্থা :

৩. জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো (বিএমইটি) :

| আলোচ্য বিষয় | গত সভার সিদ্ধান্ত | আলোচনা/বাস্তবায়ন/অগ্রগতি | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ব্যুরোকে অধিদপ্তরে রূপান্তর সংক্রান্ত | ব্যুরোকে অধিদপ্তরে রূপান্তর সংক্রান্ত প্রস্তাবটি জনপ্রশাসন মন্ত্রণালয়ের অনুমোদনের জন্য প্রয়োজনীয় যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | ক) জনপ্রশাসন মন্ত্রণালয়ের অনুরোধ ও প্রশাসনিক মন্ত্রণালয়ের গত ২২/০৮/২০১৯খ্রি: তারিখের পত্রের প্রেক্ষিতে নির্দেশনামতে বিএমইটিকে অধিদপ্তরে রূপান্তর ও নাম পরিবর্তন করে বৈদেশিক কর্মসংস্থান ও প্রশিক্ষণ অধিদপ্তর নামকরণের প্রস্তাব জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণের নিমিত্ত প্রশাসনিক মন্ত্রণালয়ে প্রেরণ করা হবে।<br><br>খ) বিএমইটি কর্তৃক বিভিন্ন বিষয়ে প্রেরিত তদন্ত প্রতিবেদন ও এর সংলাগসমূহ তদন্তকারী কর্মকর্তা কর্তৃক সত্যায়ন করা প্রয়োজন মর্মে আলোচনা করা হয়। | ক) ব্যুরোকে অধিদপ্তরে রূপান্তর সংক্রান্ত প্রস্তাবটি জনপ্রশাসন মন্ত্রণালয়ের অনুমোদনের জন্য প্রয়োজনীয় যোগাযোগ অব্যাহত রাখতে হবে।<br><br>খ) বিএমইটি কর্তৃক বিভিন্ন বিষয়ে প্রেরিত তদন্ত প্রতিবেদন ও এর সংলাগসমূহ তদন্তকারী কর্মকর্তা কর্তৃক সত্যায়নপূর্ক সংসদ ও সমন্বয় শাখায় প্রেরণ নিশ্চিত করতে হবে। | দপ্তর সংস্থার প্রশাসন অধিশাখা ও বিএমইটি |

**৪. ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড:**

| আলোচ্য বিষয় | গত সভার সিদ্ধান্ত | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| চলমান কার্যক্রম সংক্রান্ত | কল সেন্টারের মাধ্যমে চাহিত তথ্যাদি/সহযোগিতা প্রদানে তৎপর থাকতে হবে। | বোর্ড কর্তৃক পরিচালিত প্রবাসবন্ধু কল সেন্টারের মাধ্যমে প্রাপ্ত কল নিষ্পত্তিতে সর্বোচ্চ অগ্রাধিকার দেয়া হয়। গত আগস্ট/২০১৯ মাসে প্রবাসবন্ধু কল সেন্টারে ১৭৯টি কল পাওয়া যায়। এর মধ্যে **১৫২** টি নিষ্পত্তি করা হয়েছে। অবশিষ্ট ২৭টি কলের প্রাপ্ত বিষয়াদি নিষ্পত্তির প্রচেষ্টা অব্যাহত আছে। | কল সেন্টারের মাধ্যমে যাচিত তথ্য/সহযোগিতা প্রদানে তৎপর থাকতে হবে। | মহাপরিচালক, ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড |

৫.বোয়েসেল :

| আলোচ্য বিষয় | গত সভার সিদ্ধান্ত | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| বোয়েসেলের কার্যক্রম | নতুন শ্রমবাজার অনুসন্ধানে তৎপরতা ও বিদেশে কর্মী প্রেরণের প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণ নিশ্চিত করতে হবে। | ক) নতুন শ্রমবাজার অনুসন্ধান / শ্রমবাজার সম্প্রসারণ বিষয়ে বোয়েসেল কর্তৃক গৃহীত পদক্ষেপ সমূহঃ<br><br>বিভিন্ন কর্মী গ্রহণকারী দেশসমূহের সঙ্গে যোগাযোগ করে ঐ সকল দেশে বাংলাদেশি কর্মী নিয়োগের অনুরোধ পত্র প্রেরণ (পত্র যোগাযোগ, দূতাবাসের সহায়তা, ই-মার্কেটিং); নতুন নতুন বাজার অন্বেষণে উভয় দেশের প্রত্যক্ষ যোগাযোগে বিদেশ সফর করা হচ্ছে; বিদ্যমান ও নতুন কোম্পানিগুলোর সাথে যোগাযোগ রক্ষা এবং বোয়েসেল-এর অংশীজনদের সাথে নিয়মিত আলোচনা সভার আয়োজন; জাপান, সংযুক্ত আরব আমিরাত, সিশেলস, ওমান, মালদ্বীপ ও মরিশাসসহ মধ্যপ্রাচ্যের বিভিন্ন দেশে নতুন বাজার অনুসন্ধান জোরদার; কোরিয়া , ব্রুনাইসহ অন্যান্য দেশে অধিক কর্মী প্রেরণের লক্ষ্যে বাংলাদেশী কর্মীদের কাজের মূল্যায়ন সম্পর্কে কোরিয়ান নিয়োগকারী কোম্পানির সাথে বাংলাদেশ দূতাবাসের মাধ্যমে পর্যালোচনা ও জরিপ কার্যক্রম পরিচালনা;<br><br>খ) বোয়েসেলের মাধ্যমে আগস্ট ২০১৯, মাসে দক্ষিণ কোরিয়া ও জর্ডানে মোট ৮৯৩ জন কর্মী গমন করেছে। | নতুন শ্রমবাজার অনুসন্ধানে তৎপরতা ও বিদেশে কর্মী প্রেরণের প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণ নিশ্চিত করতে হবে। | ব্যবস্থাপনা পরিচালক বোয়েসেল |

৬.প্রবাসী কল্যাণ ব্যাংক

| আলোচ্য বিষয় | গত সভার সিদ্ধান্ত | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ৬.১ প্রবাসী কল্যাণ ব্যাংকের কার্যক্রম | প্রবাসী কল্যাণ ব্যাংক এর কার্যক্রম সংক্রান্ত হালনাগাদ তথ্য পরবর্তী সমন্বয় সভার পূর্বে সংসদ ও সমন্বয় শাখায় প্রেরণ নিশ্চিত করতে হবে। | প্রবাসী কল্যাণ ব্যাংক এর প্রতিনিধি কর্তৃক ব্যাংকের সর্বশেষ হালনাগাদ কার্যক্রম ও পরিস্থিতি সম্পর্কে আলোচনা করা হয়। উক্ত আলোচনায় প্রবাসী কল্যাণ ব্যাংক প্রবাসীদের আরো বেশী করে সুযোগ সুবিধা প্রাপ্তি নিশ্চিত করবে মর্মে জানা যায় । | প্রবাসী কল্যাণ ব্যাংক এর কার্যক্রম সংক্রান্ত হালনাগাদ তথ্য পরবর্তী সমন্বয় সভার পূর্বে সংসদ ও সমন্বয় শাখায় প্রেরণ নিশ্চিত করতে হবে। | ব্যবস্থাপনা পরিচালক, প্রবাসী কল্যাণ ব্যাংক |

বিবিধঃ

| | | | | |
|---|---|---|---|---|
| ১) প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান নীতি ২০১৬ | স্টিয়ারিং কমিটি ১ম সভা আয়োজনের যাবতীয় প্রস্তুতি সম্পন্ন করতে হবে। | প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান নীতি ২০১৬ এর আলোকে বৈদেশিক কর্মসংস্থান বিষয়ক জাতীয় স্টিয়ারিং কমিটির সভা গত ২৫ আগস্ট ২০১৯ তারিখে মাননীয় প্রধানমন্ত্রীর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়েছে। উক্ত সভায় মাননীয় প্রধানমন্ত্রীর সিদ্ধান্ত ও নির্দেশনা সম্পর্কে সমন্বয় সভায় আলোচনা করা যেতে পারে।<br>এছাড়াও প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান নীতি ২০১৬ বাস্তবায়নের কর্মপরিকল্পনা বই আকারে প্রকাশ হয়েছে। | ১) স্টিয়ারিং কমিটির সভার সিদ্ধান্ত সম্পর্কে সকলকে অবগত করতে হবে এবং সংসদ ও সমন্বয় শাখায় এ সংক্রান্ত প্রতিবেদন প্রেরণ করতে হবে। | **ফোকাল পয়েন্ট:** যুগ্মসচিব (গবেষণা ও নীতি) |
| ২) ফোকাল পয়েন্ট কর্মকর্তাগণের কার্যক্রম | প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের বিভিন্ন বিষয়ে দায়িত্বপ্রাপ্ত ফোকাল পয়েন্ট কর্মকর্তাগণ তাদের কার্যক্রমের হালনাগাদ তথ্য সংসদ ও সমন্বয় শাখায় প্রেরণ নিশ্চিত করবেন। | প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের বিভিন্ন বিষয়ে দায়িত্বপ্রাপ্ত ফোকাল পয়েন্ট কর্মকর্তাগণ কোনো সভা/ ওয়ার্কশপ/ সেমিনার/ প্রশিক্ষণে অংশগ্রহণ করলে সে বিষয়ে প্রতিবেদন দাখিল প্রয়োজন মর্মে আলোচনা করা হয়। | ২) প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের বিভিন্ন বিষয়ে দায়িত্বপ্রাপ্ত ফোকাল পয়েন্ট কর্মকর্তাগণ কোনো সভা/ওয়ার্কশপ/সেমিনার /প্রশিক্ষণে অংশগ্রহণ করলে সভার মতামত ও সিদ্ধান্তসমূহ আবশ্যিকভাবে সচিব মহোদয় ও সংসদ ও সমন্বয় শাখাকে অবহিত করবেন। | **ফোকাল পয়েন্ট কর্মকর্তা** (সকল) |

পরিশেষে, বার্ষিক কর্মসম্পাদন চুক্তি অনুযায়ী কার্যক্রম পরিচালনা এবং অভিবাসন ব্যবস্থায় সুশাসন প্রতিষ্ঠা কার্যক্রমকে আরো গতিশীল করার লক্ষ্যে সময়াবদ্ধ কর্ম-পরিকল্পনা বাস্তবায়নে সকলকে আরো দায়িত্বশীল ও মনোযোগী হওয়ার আহ্বান জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

(রৌনক জাহান)
সচিব
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়